গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা
www.rajshahidiv.gov.bd

## বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. আ. ন. ম বজলুর রশীদ<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী |
| সভার তারিখ | **২৪ জুন ২০২৬ খ্রি.** |
| সভার সময় | **সকাল: ১১-৩০ ঘটিকা।** |
| স্থান | **বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ হতে জুমে।** |
| উপস্থিতি | **জুম প্লাটফর্ম** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, জনগণের সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ডিজিটাল সেবা/সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগেও বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ কার্যক্রম গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত এ বিষয়ে মনিটরিং করছেন। নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ, জবাবদিহিমূলক, কাগজবিহীন, উপাত্তনির্ভর, আন্তঃসংযুক্ত, আন্তঃচালিত এবং সমন্বিত সরকার ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম গঠন ও কার্যপরিধি নির্ধারণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। অত:পর কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত গত ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিগত ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (শিক্ষা ও আইসিটি), রাজশাহী বিভাগ। |
| ২. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় জেলা ভিত্তিক উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ, উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন, ইনোভেশন টিম পুনঃগঠন ও টিমের সভা, ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ, মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও ইনোভেশন মেলা আয়োজন, মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও ওয়েবপোর্টাল হালনাগাদকরণসহ মোট ০৬ টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ১০০%। | সিদ্ধান্ত বাস্তবায়নের শতভাগ হার অব্যাহত রাখতে হবে । | বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জেলা ভিত্তিক উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ | সভায় উপজেলা/জেলা পর্যায়ে যে সকল উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলোর জেলাভিত্তিক তালিকা করে ২০২৬-২০২৭ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্নার নামে সাব মেন্যুতে আপলোড করাসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা/জেলা পর্যায়ে যে সকল উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলোর জেলাভিত্তিক তালিকা করে ২০২৬-২০২৭ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্নার নামে সাব মেন্যুতে আপলোড করতে হবে এবং সকল উদ্ভাবনী পাইলট প্রকল্পের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (শিক্ষা ও আইসিটি), রাজশাহী বিভাগ।<br><br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৪. | উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং | সভায় মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | গৃহীত উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৫. | ইনোভেশন টিমের সভা | সভায় জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমকে ত্রৈমাসিক ভিত্তিতে টিমের সভা আয়োজন করে মন্ত্রিপরিষদ বিভাগ ও এ কার্যালয়কে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৬. | ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | সভায় জেলা/উপজেলা ইনোভেশন টিমের ২০২৬-২০২৭ অর্থ বছরের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ৩১ জুলাই এর মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স অধিশাখা হতে ০৬/১১/২০২৫ খ্রি.তারিখে ০৪.০০.০০০০.০০০.৮৩৩.৩৩.০০২.২০.১০০ নম্বরে প্রজ্ঞাপন জারির বিষয়ে আলোচনা করা হয়। | জেলা/উপজেলা ইনোভেশন টিমের ২০২৬-২০২৭ অর্থ বছরের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ৩১ জুলাই এর মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৭. | মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও ইনোভেশন মেলা আয়োজন | সভায় উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করা এবং জেলা/উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরনের মেলা হয়ে থাকে সেই মেলাগুলোর সাথে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম নিয়ে ইনোভেশন মেলার আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রমের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে এবং জেলা/উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরনের মেলার সাথে ইনোভেশন মেলার আয়োজন করা যেতে পারে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৮. | ওয়েবপোর্টাল হালনাগাদ | উপজেলা/জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের সকল তথ্য নিয়মিত আপডেট এবং রিপোর্টসমূহ ১০০% হালনাগাদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা/জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য এবং রিপোর্টসমূহ ১০০% হালনাগাদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।<br>৩। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী। |

আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০৬-২০২৬

ড. আ. ন. ম বজলুর রশীদ
বিভাগীয় কমিশনার, রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৭২৩৩
ফ্যাক্স : ০২৫৮৮৮৫৭৫২৯
ইমেইল : divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০০০.০১৭.০২.০০০১.২৬.২৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
৬। পরিচালক, স্থানীয় সরকার, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৭। অ্যাডিশনাল ডিআইজি, রাজশাহী, রেঞ্জ।
৮। জেলা প্রশাসক, রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৯। জেলা প্রশাসক, বগুড়া, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
১০। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
১১। জেলা প্রশাসক, নওগাঁ, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
১২। জেলা প্রশাসক, পাবনা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
১৩। জেলা প্রশাসক, নাটোর, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
১৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১৫। জেলা প্রশাসক, জয়পুরহাট, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
১৬। প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৭। পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী।
১৮। পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী।
১৯। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী।
২০। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী।
২১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।
২২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী অঞ্চল।
২৩। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জ ন্য)।
২৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

২৮-০৬-২০২৬
ড. চিত্রলেখা নাজনীন
অতিরিক্ত বিভাগীয় কমিশনার